

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন, বিধি ও প্রবিধি প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd



মুজিববর্ষের প্রতিশ্রুতি
বীমাখাতের অগ্রগতি

স্মারক নং ৫৩.০৩.০০০০.০৭৫.২২.০২৬.১৮.৬৯

তারিখঃ ২১ ডিসেম্বর ২০২০

সার্কুলার নং- নন-লাইফ ৮২/২০২০

দেশের জিডিপিতে বীমা খাতের পেনিট্রেশন বৃদ্ধি এবং অর্থনীতিতে বীমা খাতকে প্রবৃদ্ধির খাত (Growth Sector) হিসাবে প্রতিষ্ঠিত করা, বীমা খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা ও বীমা পলিসি গ্রাহকগণের স্বার্থ নিশ্চিত করার নিমিত্ত নন-লাইফ বীমা প্রতিষ্ঠানসমূহের জন্য এই সার্কুলার জারী করা হলোঃ

Motor Vehicles Ordinance, 1983 (Ordinance No. LV of 1983) এর ১০৯ ধারা মোতাবেক দেশের সকল মোটরযান ও তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা (Third Party Insurance বা Act Liability) বাধ্যতামূলক ছিল। উক্ত Ordinance রহিতক্রমে সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সালের ৪৭ নং আইন) প্রতিস্থাপিত হয়। সড়ক পরিবহণ আইন, ২০১৮ -এর ধারা ৬০ এর উপধারা (১) ও (২) নিম্নরূপঃ

“৬০। যাত্রী বা মোটরযানের বীমা-(১) কোনো মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান ইচ্ছা করিলে তাহার মালিকানাধীন যে কোনো মোটরযানের জন্য যে সংখ্যক যাত্রী পরিবহনের জন্য নির্দিষ্টকৃত তাহাদের জীবন ও সম্পদের বীমা করিতে পারিবে।

(২) মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান উহার অধীন পরিচালিত মোটরযানের জন্য যথানিয়মে বীমা করিবেন এবং মোটরযানের ক্ষতি বা নষ্ট হওয়ার বিষয়টি বীমার আওতাভুক্ত থাকিবে এবং বীমাকারী কর্তৃক উপযুক্ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।”

বর্ণিতাবস্থায়, তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা (Third Party Insurance বা Act Liability) সম্পর্কিত বীমা প্রোডাক্ট বা পরিকল্পনা এই সার্কুলার জারীর তারিখ হতে বাতিল করা হলো। তবে ইতোমধ্যে ইস্যুকৃত তৃতীয় পক্ষের ঝুঁকি বীমা পলিসিসমূহ মেয়াদপূর্তি পর্যন্ত বহাল থাকিবে।

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান

বিতরণ কার্যার্থে:

- ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন;
- মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানি।

অনুলিপি: সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:

- গভর্নর, বাংলাদেশ ব্যাংক;
- চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
- চেয়ারম্যান, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, বাংলাদেশ;
- পুলিশ মহাপরিদর্শক (আইজিপি), বাংলাদেশ পুলিশ, পুলিশ সদর দপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০;

৫. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২;
৬. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন;
৭. চেয়ারম্যান, সকল নন-লাইফ বীমা কোম্পানি/কর্পোরেশন;
৮. মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের দৃষ্টিগোচরে আনার অনুরোধসহ);
১২. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম;
১৩. সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা;
১৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা;
১৫. চেয়ারম্যান, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, ঢাকা;
১৬. সদস্য মহোদয়গণের সহকারী, আইডিআরএ;
১৭. সকল শাখা প্রধান, আইডিআরএ;
১৮. অফিস কপি।